

## ❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নাম্বারঃ ১৫৫৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৫১]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ২৬৪ : নির্দিষ্ট ব্যক্তি বা প্রাণীকে অভিসম্পাত করা ঘোর নিষিদ্ধ

(264) بَابُ تَحْرِيمِ لَعْنِ إِنْسَانٍ بَعِيْنِهِ أَوْ دَابَّةٍ

আরবী

عَنْ أَبِي زَيْدٍ ثَابِتٍ بْنِ الضَّحَّاكِ الْأَنْصَارِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ وَهُوَ مِنْ أَهْلِ بَيْعَةِ الرِّضْوَانِ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ حَلَفَ عَلَى يَمِينٍ بِمِلَّةٍ غَيْرِ الْإِسْلَامِ كَاذِبًا مُتَعَمِّدًا، فَهُوَ كَمَا قَالَ، وَمَنْ قَتَلَ نَفْسَهُ بِشَيْءٍ، عَذَّبَ بِهِ يَوْمَ الْقِيَامَةِ، وَلَيْسَ عَلَى رَجُلٍ نَذْرٌ فِيمَا لَا يَمْلِكُهُ، وَلَعْنُ الْمُؤْمِنِ كَقَتْلِهِ». متفق عليه

বাংলা

১/১৫৫৯। আবু যায়েদ সাবেত ইবনে যাহ্বাক আনসারী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি 'বায়আতে রিয়ওয়ান' [হুদাইবিয়াহ সন্ধির সময়ে কুরাইশের বিরুদ্ধে কৃত প্রতিজ্ঞার] অন্যতম সদস্য ছিলেন; তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে ইসলাম ব্যতীত ভিন্ন ধর্মের মিথ্যা কসম খেল, তাহলে সে তেমনি হয়ে গেল, যেমন সে বলল। যে ব্যক্তি কোন বস্তু দ্বারা আত্মহত্যা করল, কিয়ামতের দিন তাকে সেই বস্তু দ্বারাই শাস্তি দেওয়া হবে। মানুষ যে জিনিসের মালিক নয়, তার মানত পূরণ করা তার পক্ষে জরুরী নয়। আর কোন মুমিন ব্যক্তিকে অভিসম্পাত করা তাকে হত্যা করার সমান।" (বুখারী ও মুসলিম) [1]

## English

(264) Chapter: Prohibition of Cursing one Particular Man or Animal

Abu Zaid Thabit bin Ad-Dahhak Al-Ansari (May Allah be pleased with him) (he is one of those who gave their pledge of allegiance to the Messenger of Allah (ﷺ) under the Tree) said:

The Messenger of Allah (ﷺ) said, "He who swears by a religion other than that of Islam, is like what he has professed. He who kills himself with something, will be tormented with it on the Day of Resurrection. A person is not bound to fulfill a vow about something which he does not possess. Cursing a believer is like murdering him."

[Al-Bukhari and Muslim].

Commentary: "He who swears by a religion other than that of Islam" here means either of the two things stated here. For instance, if a person says: "If I do such and such, then I am a Christian or a Jew." Now if he really intends to embrace Christianity or Judaism, he will immediately become so because his intention to be a Kafir (disbeliever) is Kufr (infidelity) in itself. But if the vow is meant to deny the adoption of other religions and is intended to express his firm resolution to live as a Muslim to the last even then such a vow is undesirable and is a sin for which one must seek Allah's forgiveness. The last sentence of this Hadith evidently shows that to curse a Muslim is forbidden because it is akin to killing him.

### ফুটনোট

[1] সহীহুল বুখারী ১৩৬৪, ৪১৭১, ৪৮৪৩, ৬১০৫, ৬৬৫৩, মুসলিম ১১০, তিরমিযী ১৫৪৩, নাসায়ী ৩৭৭০, ৩৭৭১, ৩৮১৩, আবু দাউদ ৩২৫৭, ইবনু মাজাহ ২০৯৮, আহমাদ ১৫৯৫০, ১৫৯৫৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ সাবিত ইবন যাহহাক আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=27831>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন